

আবুল কাশেম মোঃ মহিউদ্দিন
সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয় এর
জীবন বৃত্তান্ত

- জনাব আবুল কাশেম মোঃ মহিউদ্দিন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে সচিব হিসেবে ১ জানুয়ারি ২০২৩ তারিখে যোগদান করেন।
- তিনি বিসিএস প্রশাসন ১৩তম ব্যাচের কর্মকর্তা।
- চাকরি জীবনের শুরুতে তিনি ১৯৯৪ সালে কুমিল্লা কালেক্টরেট এ সহকারী কমিশনার হিসেবে যোগদান করেন।
- সহকারী কমিশনার (ভূমি) (AC Land) হিসেবে তিনি কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া, নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ ও খাগড়াছড়ি জেলার মাটিরাংগা উপজেলায় দায়িত্ব পালন করেন।
- উপজেলা নির্বাহী অফিসার (UNO) পদে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলায় তিনি অত্যন্ত সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।
- মাঠ প্রশাসনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ জেলা প্রশাসক। তিনি জেলা প্রশাসক হিসেবে সাতক্ষীরা জেলায় সততা নিষ্ঠা ও সফলতার সাথে দায়িত্ব পালন করেন।
- জেলা প্রশাসক হিসেবে ০২ (দুই) বার বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ জেলা প্রশাসক এবং প্রাথমিক শিক্ষায় উল্লেখযোগ্য অবদানের জন্য শ্রেষ্ঠ জেলা প্রশাসক নির্বাচিত হন।
- এ বিভাগে সচিব হিসেবে যোগদানের আগে তিনি কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। এর মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগে দীর্ঘ দিন অত্যন্ত দক্ষতার সাথে কাজ করেছেন। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা'র বিধি বিধান প্রণয়নে অসামান্য অবদান রাখেন।
- তিনি Law and Administration Course এবং MATT Training Course এ প্রথম স্থান অধিকার করেন।
- তিনি কৃতিত্বের সাথে ঝিনাইদহ ক্যাডেট কলেজ হতে SSC ও HSC পরীক্ষায় উত্তীর্ণ হন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় এর ফলিত পদার্থবিদ্যা ও ইলেক্ট্রনিক্স বিভাগ (বর্তমানে EEE) হতে স্নাতক (সম্মান) ও মাস্টার্স ডিগ্রি লাভ করেন।
- এছাড়াও তিনি Southeast University থেকে MBA ডিগ্রি অর্জন করেন এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য Vice Chancellor's Award প্রাপ্ত হন।
- ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক। কন্যা সন্তানটি বর্তমানে যুক্তরাষ্ট্রের নর্দান ইলিনয় ইউনিভার্সিটিতে অধ্যয়নরত।